

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
 স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
 পার-৩ শাখা
www.mohfw.gov.bd

বিষয়ঃ 'নব-নির্মিত রাজৈর, নার্সিং ইনসিটিউট মাদারীপুর এর জন্য ৭১ (একাত্তর) টি পদ সূজনের' লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	অতিরিক্ত সচিব (প্রশাসন) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
সভার তারিখ	:	০১.০২.২০১৮ খ্রি:
সভার সময়	:	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	:	অতিরিক্ত সচিব (প্রশাসন) এর অফিস কক্ষ (কক্ষ নং- ৩১৫)।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা- পরিষিষ্ঠ 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (পার-৩) সভার কার্যপদ্ধতি উপস্থাপন করেন। তিনি বলেন যে, নব-নির্মিত রাজৈর নার্সিং ইনসিটিউট মাদারীপুর এর ৩ (তিনি) বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং কোর্স ও ৩ (তিনি) বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং মিডওয়াইফারি কোর্স পরিচালনার নির্মিত বিভিন্ন ক্যাটাগরির ৭১ (একাত্তর) টি পদ সূজনের প্রস্তাব মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর হতে গত ৩০/১০/২০১৭ খ্রি: তারিখে সচিব, স্বাশিগ্রহ বরাবর প্রেরণ করা হয়। পরবর্তী সময়ে ০২/০১/২০১৮ খ্রি: তারিখে প্রস্তাবটি নার্সিং অধিশাখা হতে পার-৩ শাখায় প্রেরণ করা হয়। সভাপতি ও সভায় উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ প্রাপ্ত প্রস্তাবটির উপর বিস্তারিত আলোচনা করেন।

০২. সভায় প্রাপ্ত প্রস্তাবের বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সংশোধনীসমূহ গৃহীত হয়। সে মোতাবেক যথাশীঘ্র পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কে অনুরোধ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) অর্থ মন্ত্রণালয় ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত পদসূজনের চেকলিস্ট যথাযথভাবে পূরণপূর্বক সংলাগ-ক,খ,গ আকারে প্রেরণ করতে হবে;
- (খ) পদসূজনের প্রস্তাবের পাশাপাশি প্রস্তাবিত অর্গানোগ্রামে যন্ত্রপাতি/যানবাহন টিওএন্ডইভুক্স করণের প্রস্তাব প্রেরণ করা যেতে পারে (প্রযোজ্য ক্ষেত্রে);
- (গ) পদসূজনের যৌক্তিকতা সংক্ষেপে উপস্থাপন (দণ্ডন প্রধান কর্তৃক স্বাক্ষরিত);
- (ঘ) সৃজিতব্য নতুন পদ সৃষ্টি করা হলে বার্ষিক আর্থিক সংশ্লেষণ করত হবে (আর্বতক, অনাৰ্বতক ব্যয়সহ) এবং তা কিভাবে সংকুলান হবে, তাঁর পূর্ণাঙ্গ তথ্য সংযোজন (বাজেটের বিস্তারিত বিবরণসহ) করে প্রেরণ করতে হবে;
- (ঙ) পদ সূজনের সুপারিশ দপ্তরের প্রধান কর্তৃক স্বাক্ষরিত;
- (চ) সংশ্লিষ্ট পদসমূহের পূর্ণাঙ্গ নিয়োগবিধি ও সংশ্লিষ্ট পদের অংশটুকু ডিন কালিতে চিহ্নিত করে সংযোজন;
- (ছ) সেবা পরিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৬ এর ২৭, ৩৪, ৪৯ নং ক্রমিক সমূহে লাইব্রেরিয়ান পদের উল্লেখ রয়েছে। বর্ণিত নিয়োগ বিধির ২৭, ৩৪, ৪৯ নং ক্রমিকে লাইব্রেরিয়ান পদের বেতন প্রেড-১০, ৩৪নং ক্রমিকে বেতন প্রেড- ১১ এবং ৪৯নং ক্রমিকে বেতন প্রেড-১৪ উল্লেখ রয়েছে; একই নামকরণের (লাইব্রেরিয়ান) পদ ভিন্ন ভিন্ন প্রেড উল্লেখ করে নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্তির কারণ জানাসহ প্রস্তাবিত লাইব্রেরিয়ান পদের প্রেড উল্লেখের বাস্পারে কোন মাপকাটি বিচার করে প্রেডের প্রস্তাব করা হয়েছে তা জান আবশ্যিক।

- (জ) সেবা পরিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৬ এর ২৮, ৫৯ নং ক্রমিকে সহকারী লাইনেরিয়ান পদের উল্লেখ রয়েছে। ২৮ নং ক্রমিকে সহকারী লাইনেরিয়ান পদের বেতন গ্রেড-১০ এবং ৫৯ নং ক্রমিকে বেতন গ্রেড-১৬ বলা হয়েছে। আলোচ্য সহকারী লাইনেরিয়ান পদের বেতন গ্রেড নির্বাচনের ব্যপারে কোন্ মাপকাটি অনুসরণ করা হয়েছে তা জানা অবশ্যিক এবং একই পদ ভিন্ন গ্রেড উল্লেখে কেন নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্ত আছে তা পরিষ্কার হওয়া দরকার;
- (ঝ) Allocation of business-এর আলোকে সংশ্লিষ্ট পদের দায়িত্ব ও কর্তব্যের বিবরণ ;
- (ঞ) সংলগ্নী-'খ'-তে বর্ণিত পদসমূহের দায়িত্বের বর্ণনা কোনো কোনো ক্ষেত্রে যৌক্তিক ও অর্থবোধক নয় বিধায় তা পুনরায় লিখে প্রেরণ করতে হবে;
- (ট) সংলগ্নী-'ক' এর ১৭ নম্বর ক্রমিকে বর্ণিত দপ্তরী পদটি নিয়োগবিধিতে অন্তর্ভুক্ত নেই। কিন্তু আলোচ্য প্রস্তাবে তা অন্তর্ভুক্ত করা হয়েছে। এ বিষয়টি স্পষ্ট করতে হবে ;
- (ঠ) জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়ের চেকলিস্টের সকল তথ্য সতর্কতার সাথে পুরণকরত: প্রেরণ করতে হবে ;
- ০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

১৪/০২/১৮

(স্মৃতি রাণী ঘোষণা)

অতিরিক্ত সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

নং- ৫৯,০০,০০০০,১১১,১৫,০০১,১৮-৩৫

তারিখঃ ১৫/০২/২০১৮ খ্রিঃ।

বিতরণ:

- ১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলানগর, ঢাকা।
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৩। সিভিল সার্জন, মাদারীপুর।
- ৪। অধ্যক্ষ, নব-নির্মিত নার্সিং ইনসিটিউট রাজের, মাদারীপুর

অনুলিপিৎ সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৩। যুগ্মসচিব (পার), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ


 (নার্গিস আকতার ডলী)
 সিনিয়র সহকারী সচিব
 ফোন-৯৫৪৯১৯২